

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.doict.gov.bd](http://www.doict.gov.bd)

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৮.১৬.০১৭.১৯. ১২৭৮

তারিখঃ ১৫ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ  
৩০ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়ঃ “সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” প্রকল্পের অধীন স্থাপিত ল্যাবসমূহ যথাযথভাবে পরিচালন, সংরক্ষণ, নিরাপত্তা বিধান নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-এর অধীন “সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প” এর আওতায় গুণগত শিক্ষার মানোন্নয়নে বাংলাদেশ সরকার মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও মাদ্রাসায় ৪০০১ টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” ও প্রাথমিক বিদ্যালয়ে ১৬০টি “শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম” স্থাপন করেছে। ইতোমধ্যে ল্যাবগুলো যথাযথভাবে ব্যবহার, নিরাপত্তা বিধান ও সংরক্ষণ ইত্যাদি বিষয়ে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে দেশব্যাপী সেমিনার করা হয়েছে। যাতে আপনারা সক্রিয় ভূমিকা রেখেছেন। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবগুলো যথাযথভাবে ব্যবহার করা হচ্ছেনা।

আপনি অবগত আছেন যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নে গুণগত শিক্ষার মানোন্নয়ন ও প্রান্তিক পর্যায়ে আইসিটি শিক্ষা বিস্তারে উক্ত ল্যাবগুলো প্রভূত ভূমিকা রাখছে। ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের স্বার্থে প্রত্যেক স্কুল/কলেজ/মাদ্রাসায় প্রধান শিক্ষকসহ সকলের আন্তরিকভাবে সর্বোচ্চ ভূমিকা রাখার প্রয়োজন রয়েছে।

সার্বিক অবস্থা বিবেচনায়, আপনাদের জেলা/উপজেলাধীন স্থাপিত ল্যাবগুলোর ব্যবহার, নিরাপত্তা ব্যবস্থাপনায় সর্বোচ্চ গুরুত্ব আরোপ করে প্রতিনিয়ত পরিদর্শন, মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো। কোন স্কুলের ল্যাব যথাযথভাবে ব্যবহার না করা হলে তা সাথে সাথে প্রকল্প পরিচালককে অবহিত করতে হবে এবং তা ব্যবহারে তাদের উদ্বুদ্ধ করার ব্যবস্থা নিতে হবে। উল্লেখ্য যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা APA অনুযায়ী ল্যাবগুলো সপ্তাহভিত্তিক পরিদর্শন, মনিটরিং ও রিপোর্টিং করার জন্য ইতোমধ্যে আপনাদের নির্দেশনা প্রদান করা হয়েছিল।

এমতাবস্থায়, প্রকল্পের আওতায় স্থাপিত ল্যাবগুলোকে সরকারী নির্দেশনার আলোকে আইসিটি শিক্ষার বিস্তারে এগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।



(মোঃ রেজাউল মাকছুদ জাহেদী)

অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব)

ও

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

“সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” প্রকল্প  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

বিতরণ :

১. প্রোগ্রামার (জেলা) সকল
২. সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো):

১. জেলা প্রশাসক (সকল)
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), সচিব মহোদয়ের দপ্তর, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।